উপপরিচালকের কার্যালয়

| | |
|---|---|
| ☑ সহকারী পরিচালক<br>☐ সহকারী পরিচালক (মেট্রো) | ☐ জরুরী ব্যবস্থা নিন<br>☐ উপস্থাপন করুন<br>☐ পরীক্ষা নিরীক্ষা করে ব্যবস্থা নিন<br>☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন<br>☐ আলোচনা করুন |
| নম্বর... ৬৫১ ...<br>তারিখ... ০৯/০৯/২০২১ ... | স্বাক্ষর |

অবহিত করুন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১,কারওয়ান বাজার, টিসিবি ভবন (৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

স্মারক নং - ২৬.০৪.০০০০.১১০.২৯.০১৫.১৯. ৪৫৬ তারিখ : ০৮ সেপ্টেম্বর ২০২১

বিষয় : ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন অবহিতকরণ ও বাস্তবায়ন বিষয়ক সেমিনার আয়োজন প্রসঙ্গে।

ভোক্তা-অধিকার সংরক্ষণ ও ভোক্তা-অধিকার বিরোধী কার্য প্রতিরোধের উদ্দেশ্যে ২০০৯ সালে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন প্রণয়ন করা হয় এবং এ আইন বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠা করা হয় জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর। এ আইনের উদ্দেশ্য হল ভোক্তা-অধিকার সংরক্ষণ ও উন্নয়ন। ভোক্তা-অধিকার লংঘনের কারণে উদ্ভূত বিরোধ নিষ্পত্তিও এই আইনের আওতায় হয়ে থাকে।

২। ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ বাস্তবায়নের লক্ষ্যে দেশের সকল বিভাগ ও জেলায় জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয় স্থাপিত হয়েছে। আইনটি প্রচারের লক্ষ্যে ইতোমধ্যে সকল জেলায় ভোক্তা-অধিকার সংরক্ষণ কমিটি এবং প্রবিধানমালা অনুযায়ী সকল উপজেলা ও ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি গঠিত হয়েছে। ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অধিকতর প্রচারের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা, সেমিনার আয়োজন করা প্রয়োজন। ভোক্তা-অধিকার নিশ্চিতকরণ তথা ভোক্তা স্বার্থ সংরক্ষণার্থে চলতি অর্থ বছরে উপজেলা পর্যায়ে সেমিনার আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

৩। ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন অবহিতকরণ ও বাস্তবায়ন বিষয়ে আগামী ৩০ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে উপজেলা পর্যায়ে একটি সেমিনার আয়োজন করা প্রয়োজন। অনুষ্ঠিতব্য সেমিনারে উপজেলা ভোক্তা-অধিকার সংরক্ষণ কমিটির সদস্য, বিভাগীয় কর্মকর্তা, ব্যবসায়ী সংগঠন, বেসরকারী সংস্থাসমূহের প্রতিনিধিবৃন্দের সমন্বয়ে সেমিনারটি অনুষ্ঠিত হতে পারে। প্রস্তাবিত এ সেমিনার অনুষ্ঠানের ব্যয় নির্বাহ করার জন্য চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাণিজ্য মন্ত্রণালয় এর মাধ্যমে তাঁর অনুকূলে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ বিষয়ে অধিদপ্তরের জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাঁকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

৪। এমতাবস্থায়, তাঁর উপজেলায় সংশ্লিষ্ট সকলকে সম্পৃক্ত করে ৩০ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে একটি সেমিনার অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সেমিনার অনুষ্ঠান শেষে ০৭ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

(বাবলু কুমার সাহা)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন : ৮১৮৯৪২৬
মেইল : dg@dncrp.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার (জেলা সদর ব্যতীত সকল উপজেলা)
..............................................

স্মারক নম্বর: ২৬.০৪.০০০০.১১০.২৯.০১৫.১৯. ৪৫৬ তারিখ: ০৮ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার,.........................বিভাগ।
৩। জেলা প্রশাসক,...............................................।
৪। উপজেলা পরিষদ চেয়ারম্যান,.................................উপজেলা,.........................................জেলা।
৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/খুলনা/সিলেট/রংপুর।
৬। উপপরিচালক, ............................. বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর (সকল)।
৭। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল),...................................জেলা (বিভাগীয় সদর জেলা ব্যতীত)।
৮। সহকারী পরিচালক,......................জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর **(সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করে উক্ত সেমিনার অনুষ্ঠান নিশ্চিত করার অনুরোধসহ)।**
৯। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল),............................উপজেলা,............................জেলা।

০৮/০৯/২০২১

(বাবলু কুমার সাহা)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

উপপরিচালকের কার্যালয়
☑ সহকারী পরিচালক
☐ সহকারী পরিচালক (মেট্রো)
☐ জরুরী ব্যবস্থা নিন
☐ উপস্থাপন করুন
☐ পরীক্ষা নিরীক্ষা করে ব্যবস্থা নিন
☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
☐ আলোচনা করুন
নম্বর........
তারিখ........

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১, কারওয়ান বাজার, টিসিবি ভবন (৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

স্মারক নং - ২৬.০৪.০০০০.১১০.২৯.০১৫.১৯. ৪৫২ | তারিখ : ০৮ সেপ্টেম্বর ২০২১

বিষয় : ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন অবহিতকরণ ও বাস্তবায়ন বিষয়ক সেমিনার আয়োজন প্রসঙ্গে।

ভোক্তা-অধিকার সংরক্ষণ ও ভোক্তা-অধিকার বিরোধী কার্য প্রতিরোধের উদ্দেশ্যে ২০০৯ সালে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন প্রণয়ন করা হয় এবং এ আইন বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠা করা হয় জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর। এ আইনের উদ্দেশ্য হল ভোক্তা-অধিকার সংরক্ষণ ও উন্নয়ন। ভোক্তা-অধিকার লংঘনের কারণে উদ্ভূত বিরোধ নিষ্পত্তিও এই আইনের আওতায় হয়ে থাকে।

২। ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ বাস্তবায়নের লক্ষ্যে দেশের সকল বিভাগ ও জেলায় জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয় স্থাপিত হয়েছে। আইনটি প্রচারের লক্ষ্যে ইতোমধ্যে সকল জেলায় ভোক্তা-অধিকার সংরক্ষণ কমিটি এবং প্রবিধানমালা অনুযায়ী সকল উপজেলা ও ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি গঠিত হয়েছে। ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অধিকতর প্রচারের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা, সেমিনার আয়োজন করা প্রয়োজন। ভোক্তা-অধিকার নিশ্চিতকরণ তথা ভোক্তা স্বার্থ সংরক্ষণার্থে চলতি অর্থ বছরে জেলা পর্যায়ে সেমিনার আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

৩। ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন অবহিতকরণ ও বাস্তবায়ন বিষয়ে তাঁর নেতৃত্বে আগামী ৩০ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে জেলা পর্যায়ে একটি সেমিনার আয়োজন করা প্রয়োজন। অনুষ্ঠিতব্য সেমিনারে জেলা ভোক্তা-অধিকার সংরক্ষণ কমিটির সদস্য, বিভাগীয় কর্মকর্তা, ব্যবসায়ী সংগঠন, বেসরকারী সংস্থাসমূহের প্রতিনিধিবৃন্দের সমন্বয়ে সেমিনারটি অনুষ্ঠিত হতে পারে। প্রস্তাবিত এ সেমিনার অনুষ্ঠানের ব্যয় নির্বাহ করার জন্য চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাণিজ্য মন্ত্রণালয় এর মাধ্যমে তাঁর অনুকূলে ১০,০০০/- (দশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ বিষয়ে অধিদপ্তরের জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাঁকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

৪। এমতাবস্থায়, তাঁর জেলায় সংশ্লিষ্ট সকলকে সম্পৃক্ত করে ৩০ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে একটি সেমিনার অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সেমিনার অনুষ্ঠান শেষে ০৭ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

(বাবলু কুমার সাহা)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন : ৮১৮৯৪২৬
মেইল : dg@dncrp.gov.bd

জেলা প্রশাসক (সকল)
.........................................

স্মারক নম্বর: ২৬.০৪.০০০০.১১০.২৯.০১৫.১৯. ৪৫২ | তারিখ: ০৮ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার,.........................বিভাগ।
৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/খুলনা/সিলেট/রংপুর।
৪। উপপরিচালক,..............................বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর (সকল)।
৫। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল),...................................জেলা (বিভাগীয় সদর জেলা ব্যতীত)।
৬। সহকারী পরিচালক,.....................জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর **(সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করে উক্ত সেমিনার অনুষ্ঠানে প্রয়োজনীয় সহযোগিতা করার অনুরোধসহ)।**

০৮/০৯/২০২১
(বাবলু কুমার সাহা)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)